

ত্রৈ মাসিক

কৃষি প্রযুক্তি বার্তা

KRISHI PROJUKTI BARTA

ময়মনসিংহ ■ জুন ২০১৬ ■ আষাঢ় ১৪২৩

যো গা যো গ...

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় রিসার্চ সিস্টেম

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

ফোন : ৮৮০-৯১-৬৭৪১৭

ফ্যাক্স : ৮৮০-৯১-৬১৫১০

পিএবিএক্স : ০৯১-৬৭৪০১-৬

এক্স. ২০৩৬, ২০৩৭, ২০৩৯

ই-মেইল : baures84@gmail.com

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় রিসার্চ সিস্টেম (বাউরেস)

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

কৃষি প্রযুক্তি বার্তায় লেখা পাঠানোর ক্ষেত্রে লেখকদের জন্য নির্দেশনা

“বাউরেস” বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সন্মানিত শিক্ষক ও গবেষকবৃন্দের গবেষণা কাজ পরিচালনায় সহায়তা প্রদানের পাশাপাশি তাঁদের গবেষণালব্ধ জ্ঞান, উদ্ভাবিত কৃষি প্রযুক্তি কৃষক ও খামারিদের মাঝে পৌঁছে দেয়ার প্রয়াসে ত্রৈ-মাসিক কৃষি প্রযুক্তি বার্তা প্রকাশ ও প্রচার করে থাকে। উক্ত প্রযুক্তি বার্তায় লেখা প্রেরণের ক্ষেত্রে লেখককে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে। প্রত্যেক প্রবন্ধে অল্প-বিস্তর নিম্নোক্ত বিষয়গুলো আলোচনায় নিয়ে আসতে হবে।

১. Title বা শিরোনাম
২. Abstract বা সারসংক্ষেপ
৩. Introduction বা ভূমিকা
৪. Description of Technology and Techniques of Uses বা উদ্ভাবিত প্রযুক্তির বর্ণনা ও ব্যবহার কৌশল
৫. Benefits বা উপকারিতা
৬. Risk বা সাবধানতা (যদি থাকে)
৭. Summery বা উপসংহার
৮. Acknowledgments বা কৃতজ্ঞতা স্বীকার
১০. Reference বা তথ্যসূত্র

- ০১। **Title** বা শিরোনাম : শিরোনামের প্রথম শর্তই হল এটি তথ্যবহুল হতে হবে। শিরোনাম দেখেই যাতে প্রবন্ধটির মূল বিষয়বস্তু বোঝা যায়। শিরোনামটি অবশ্যই সর্জনস্ব (SMART) এবং বিষয়বস্তুর সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। এটি বাংলা ও ইংরেজি উভয় মাধ্যমেই দিতে হবে। তবে আদ্যাক্ষরসমষ্টি ব্যবহার করা যাবে না।
- ০২। **সারসংক্ষেপ (Abstract)** : Abstract বা সারসংক্ষেপ লেখার সময় স্মরণ রাখতে হবে, পাঠক কিন্তু প্রথমেই এটা পড়বে। Abstract বা সারসংক্ষেপে পুরো কাজের সর্জনস্ব বর্ণনা দিতে হবে, এবং তা হতে হবে মাত্র কয়েক বাক্যে। সারসংক্ষেপ ১৫০-২৫০ শব্দের অধিক নয় এবং এক প্রছন্দের মধ্যেই লিখতে হবে। Abstract লেখার সময় আর্টিকেলটির উদ্দেশ্য, কর্মসম্পাদন কৌশল, প্রাপ্ত ফলাফল, বিজ্ঞানের সাথে সংশ্লিষ্টতা এবং সুপারিশ উল্লেখ করতে হবে। এখানে উল্লেখ্য যে, Abstract বা সারসংক্ষেপটি শুধুমাত্র ইংরেজি মাধ্যমে লিখতে হবে।
- ০৩। **Introduction** বা ভূমিকা : লেখাটি কি ধরণের তথ্য বহন করছে তা ভূমিকায় সংক্ষিপ্ত আকারে লিখতে হবে।
- ০৪। **Description of Technology and Techniques of Uses** বা উদ্ভাবিত প্রযুক্তির বর্ণনা ও ব্যবহার কৌশল : উদ্ভাবিত প্রযুক্তিসমূহের বর্ণনা ও ব্যবহার কৌশল বাংলাভাষায় কৃষক ও খামারী বা উদ্যোক্তা যাতে সহজে বুঝতে পারে তার উপযোগী করে লিখতে হবে। ছবি ব্যবহার করলে অবশ্যই ছবির নিচে ক্যাপশন লিখতে হবে।
- ০৫। **Benefits** বা উপকারিতা : প্রযুক্তিটি ব্যবহার করলে আর্থ-সামাজিক অবস্থার কি কি উপকারে আসতে পারে। কৃষক, খামারীসহ ব্যবহারকারীরা কি কি উপকার পাবে তা উল্লেখ করতে হবে।
- ০৬। **Risk** বা সাবধানতা (যদি থাকে) : আর্টিকেলটির তথ্য ব্যবহার করে কৃষক, খামারীসহ ব্যবহারকারীর কোন ক্ষতির সম্ভাবনা বা ঝুঁকি থাকলে তা অবশ্যই উল্লেখ করতে হবে।
- ০৭। **Summery** বা উপসংহার : উপসংহারে প্রবন্ধ বা প্রতিবেদনের বক্তব্যের সমাপ্তি ঘটবে। প্রবন্ধ উপস্থাপনার অংশ হবে আকর্ষণীয় যাতে লেখকের বক্তব্য সহজ সরল ভাষায় প্রকাশ পায়। প্রতিবেদনের উপসংহারে সুপারিশ সংযোজন করতে হবে যাতে উপযুক্ত কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সমস্যা সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।
- ০৮। **Acknowledgments** বা কৃতজ্ঞতা স্বীকার : গবেষণা করার সময় বিভিন্ন জন বা প্রতিষ্ঠান থেকে সাহায্য সহযোগিতা নিলে তা অবশ্যই উল্লেখ করতে হবে। প্রয়োজনে ব্যক্তির প্রতি কৃতজ্ঞতা জানাতে হবে সেই সাথে কোন প্রতিষ্ঠানকেও কৃতজ্ঞতা জানানো যাবে।
- ০৯। **References** বা তথ্যসূত্র : গবেষণায় বিভিন্ন সূত্র থেকে বিভিন্ন তথ্য নিয়ে ব্যবহার করলে সেই সূত্রগুলো যাতে নির্ভরযোগ্য হয় তা নিশ্চিত করতে হবে। তথ্যসূত্রগুলো অবশ্যই বৈজ্ঞানিক আর্টিকেল এর ন্যায় উল্লেখ করতে হবে।
- ১০। **লেখকের নাম ও যোগাযোগের ঠিকানা** : প্রতিটি প্রবন্ধে তিনজনের বেশী নাম অন্তর্ভুক্ত করা যাবে না। সংশ্লিষ্ট আর্টিকলে এর যোগাযোগকারী লেখকের অবশ্যই ই-মেইল ও মোবাইল নম্বর থাকতে হবে।
- ১১। **লেখা পাঠানোর ঠিকানা** : প্রতিটি প্রবন্ধের এক কপি হার্ড এমএস ওয়ার্ডে ও সফটকপি নিম্ন ঠিকানায় পাঠাতে হবে। সফটকপি পেনড্রাইভ, সিডি বা ই-মেইল এর মাধ্যমে পাঠানো যাবে।

লেখা পাঠানোর ঠিকানা :

বরাবর
চিফ এডিটর
কৃষি প্রযুক্তি বার্তা সম্পাদনা পরিষদ
বাউরেস, বাকুবি, ময়মনসিংহ-২২০২।
ই-মেইল-baures84@gmail.com